

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## সংবাদ বিজ্ঞপ্তি

### সোমবার চট্টগ্রামে শুরু হচ্ছে আমেরিকা সপ্তাহ

ঢাকা, ২৯শে জানুয়ারি -- বাংলাদেশের জনগণের কাছে পৌঁছে যাবার অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে যুক্তরাষ্ট্র দূতাবাস তিন দিন ব্যাপী চট্টগ্রামে “আমেরিকা সপ্তাহ” আয়োজন করেছে। রাজধানী ঢাকার বাইরে বসবাসকারী লোকজনের কাছে যুক্তরাষ্ট্র দূতাবাসের কার্যক্রম উপস্থাপন করার মাধ্যমে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জনগণের মধ্যে বন্ধন তুলে ধরতে ‘আমেরিকা সপ্তাহে’র আয়োজন করা হয়েছে। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ড্যান মজীনা এই অনুষ্ঠানটির নেতৃত্ব থাকছেন যা আগামী ৩০শে জানুয়ারী থেকে ১লা ফেব্রুয়ারী পর্যন্ত চলবে।

২০১২ এর আমেরিকা সপ্তাহের মূলভাবনা ‘একসাথে এগিয়ে চলি’, এই ধারণাটি উদ্‌যাপন করা হবে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের ৪০ বছরের কূটনৈতিক ও উন্নয়নের সম্পর্ককে তুলে ধরতে। আমেরিকা সপ্তাহ চলাকালীন চট্টগ্রাম ও পার্শ্ববর্তী এলাকায় যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে পরিচালিত কর্মসূচিগুলো জনগণের সামনে উপস্থাপন করা হবে ও বিভিন্ন প্রকল্পগুলো ঘুরে দেখা হবে। যুক্তরাষ্ট্রের কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সুযোগ লাভ করা যায় কিভাবে, কিভাবে ভিসার জন্য আবেদন করতে হয় বা যুক্তরাষ্ট্র সরকারের কোনো উন্নয়ন প্রকল্পে কিভাবে অংশগ্রহণ করতে হয় -- আমেরিকা সপ্তাহের অনুষ্ঠানগুলোতে আগত দর্শনার্থীরা তা জানার সুযোগ পাবেন।

আমেরিকা সপ্তাহ উপলক্ষ্যে অনেকগুলো অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে জনপ্রিয় শিশুতোষ অনুষ্ঠান সিসিমপুরের চরিত্রদের অংশগ্রহণে একটি নাটিকা, সমুদ্রতীরের পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি, চিত্রকলা প্রদর্শনী এবং একটি লাইভ কনসার্ট অন্তর্ভুক্ত। একইসঙ্গে, চলচ্চিত্র প্রদর্শন ও মতবিনিময়মূলক মঞ্চ অনুষ্ঠানেরও আয়োজন থাকবে।

পূর্ববর্তী ‘আমেরিকা সপ্তাহ’-গুলোর ধারাবাহিকতা বজায় রেখে দর্শনার্থীরা এ বছরও যুক্তরাষ্ট্র দূতাবাস, যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) ও এর উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ এবং যুক্তরাষ্ট্রের কিছু ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ৬০টিরও অধিক বুথ পরিদর্শন করতে পারবে। এই সকল বুথ চট্টগ্রাম এম এ আজিজ স্টেডিয়াম কমপ্লেক্সে স্থাপন করা হয়েছে এবং এই স্থানে বেশ কিছু অনুষ্ঠানের আয়োজন করা হবে। বুথগুলো ৩০শে জানুয়ারী সকাল ১১ টা থেকে বিকেল ৫টা এবং ৩১শে জানুয়ারী ও ১ লা ফেব্রুয়ারী

সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকবে। আমেরিকা সপ্তাহের সকল অনুষ্ঠান বিনামূল্যে প্রবেশ করা যাবে।

এ নিয়ে তৃতীয় বারের মতো যুক্তরাষ্ট্র চট্টগ্রামে আমেরিকা সপ্তাহের আয়োজন করলো। পূর্ববর্তী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল ২০০৬ ও ২০০২ সালে। পূর্ববর্তী আমেরিকা সপ্তাহগুলো চট্টগ্রাম ছাড়াও খুলনা, বরিশাল, রাজশাহী এবং সিলেটে অনুষ্ঠিত হয়েছে।

আমেরিকা সপ্তাহের প্রতিদিনকার আনুষ্ঠান ও অনুষ্ঠানসূচী জানার জন্য অনুগ্রহ করে যুক্তরাষ্ট্র দূতাবাসের ফেসবুক পেজ লক্ষ্য করুন [http://www.facebook.com/home.php?clk\\_loc=5#!/notes/us-embassy-dhaka/america-week-2012-schedule-of-public-events/10150537055549633](http://www.facebook.com/home.php?clk_loc=5#!/notes/us-embassy-dhaka/america-week-2012-schedule-of-public-events/10150537055549633), যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ড্যান মজীনা'র বক্তব্য পাওয়া যাবে এই ঠিকানায় <http://dhaka.usembassy.gov/speeches2/speeches-and-remarks-2012.html>

=====

জিআর/ ২০১২